আরামবাগে মহসমারোহে বিবেকানন্দের জন্মজয়ন্তী পালন

নিজস্ব সংবাদদাতা, আরামবাগ ঃ শুক্রবার হুগলির আরামবাগ শহর জুড়ে মহাসমারোহে স্বামী বিবেকানন্দের ১৫৬তম জন্মদিবস পালন করা হল। এদিন আরামবাগের বিবেকানন্দ স্কোয়ারে স্বামীজীর মূর্তিতে মাল্যদান করেন আরামবাগ পৌরসভার চেয়ারম্যান স্বপন নন্দী। এছাড়া উপস্থিত ছিলেন পৌর যুব কল্যাণ দপ্তরের আধিকারিক সমন্বয় খাঁড়া, কাউন্সিলর পরিণীতা ঘোষ, কার্তিক যশ, তৃণমূল কর্মী বিকাশ দে, জাকু এবং বিভিন্ন স্কুলের ছাত্রছাত্রীরা পথসভায় অংশগ্রহণ করে। পাশাপাশি এই উপলক্ষে গড়বাড়ির বিবেকানন্দ স্পোর্টিং ক্লাব প্রতিবছরের মতো এবছরও তিনদিন ব্যাপী সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন করেছে। বসে আঁকো প্রতিযোগিতা, রক্তদান শিবির, কম্বল, মশারি বিতরণ এবং বাংলা ব্যান্ডের অনুষ্ঠান। এদিন গীর্জাতলা থেকে গড়বাড়ি পর্যন্ত ম্যারাথন দৌড় এবং পতাকা উত্তোলনের মাধ্যমে এই অনুষ্ঠানের সূচনা হয়। এই ম্যারাথন দৌড়ে প্রায় ৮০জন অংশগ্রহণ করেন। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন হুগলি জেলা যুব তৃণমূল কংগ্রেসের সম্পাদক সেখ শাহিদ ইমাম, পলাশ রায়, সেখ সেলিম, বিশিষ্ট সমাজসেবী মুক্তি কুন্ডুসহ প্রমুখ বিশিষ্টব্যক্তিবর্গ।

অন্যদিকে আরামবাগের বিবেকানন্দ স্পোর্টিং ক্লাবের উদ্যোগে বসে আঁকো প্রতিযোগিতার আয়োজন করা হয়। এখানে প্রায় ৭০জন প্রতিযোগী অংশগ্রহণ করে। এই প্রতিযোগিতার পর সকলকে পুরস্কার দেওয়া হয়।

চুঁচুড়ায় পার্টি অফিস ভাঙচুর, বিজেপির বিক্ষোভ ও পথ অবরোধ

নিজস্ব সংবাদদাতা, চুঁচুড়া ঃ গত নয় তারিখ চুঁচুড়ায় ভারতীয় জনতা পার্টির সভার পর থেকেই দলীয় কর্মীদের উপর আক্রমণ হানছে তৃণমূল কংগ্রেস বলে অভিযোগ। ইতিমধ্যে এক মণ্ডল সভাপতি আক্রান্ত হয়ে হুগলির চুঁচুড়া ইমামবাড়া সদর হাসপাতালে চিকিৎসাধীন। পাশাপাশি বৃহস্পতিবার সন্ধ্যায় চুঁচুড়ার পেয়ারাবাগান পার্টি অফিসে তৃণমূল কংগ্রেস হামলা চালায় বলে অভিযোগ। পার্টি অফিসে রাখা ভারত মাতার মূর্তিও ভাঙা হয় বলে দাবি করেন বিজেপি নেতৃত্ব। অভিযোগ, চুঁচুড়ার বিধায়ক অসিত মজুমদারের নির্দেশেই তৃণমূলের গুণ্ডাবাহিনী তাঁদের উপরে আক্রমণ হানছে। অবিলম্বে দোষীদের গ্রেফতারের দাবিতে শুক্রবার চুঁচুড়ার পেয়ারাবাগান পার্টি অফিস থেকে মিছিল করে বিজেপির শতাধিক কর্মী সমর্থক চুঁচুড়া থানার সামনে গিয়ে উপস্থিত হয়। থানার সামনে ব্যাপক বিক্ষোভ দেখাতে থাকেন বিজেপি কর্মী সমর্থকরা। সে সময় থানার আধিকারিক উপস্থিত না থাকায় তাঁরা পথ অবরোধে সামিল হয়। থানার সামনে প্রায় আধ ঘন্টা পথ অবরোধ চলে। এরপর চুঁচুড়া থানার আধিকারিক ঘটনাস্থলে উপস্থিত হয়ে আটচল্লিশ ঘন্টার মধ্যে দোষীদের গ্রেফতারের আশ্বাস দিলে অবরোধ উঠে। এদিনের কর্মসূচীতে উপস্থিত ছিলেন ভারতীয় জনতা পার্টির হুগলি সাংগঠনিক জেলার সভাপতি সুবীর নাগ, যুব নেতা সুরেশ সাউসহ দলীয় নেতৃত্বরা।

আরামবাগে অস্বাভাবিক মৃত্যু ২ জনের

নিজস্ব সংবাদদাতা, আরামবাগ ঃ ধুপ দিয়ে সন্ধ্যে দেওয়ার সময়লক্ষ থেকে শাড়িতে আগুন ধরে গিয়ে মৃত্যু হল এক প্রৌঢ়ার। মৃতার নাম শৈলবালা সামুই (৫৮)। বাড়ি হুগলির আরামবাগের মায়াপুর ২নং গ্রাম পঞ্চায়েতের ডিহিবায়রা গ্রামে। স্বামী মোহনচন্দ্র সামুই পেশায় দিনমজুর। বাড়িতে স্বামী ছাড়া চার মেয়ে বর্তমান। জানা গেছে, বৃহস্পতিবার বাড়িতে সন্ধ্যা দেওয়ার সময় অসতর্কতাবশত লক্ষ থেকে শাড়িতে আগুন ধরে যায়। তখনই অগ্নিদগ্ধ হন শৈলবালাদেবী। তাঁর চেঁচামেচিতে প্রতিবেশিরা এসে তাঁকে উদ্ধার করে আরামবাগ মহকুমা হাসপাতালে ভর্তি করে। কিন্তু চিকিৎসা চলাকালীন শুক্রবার ভোরে তাঁর মৃত্যু হয়। অন্যদিকে মানসিক অবসাদে বিষ খেয়ে আত্মঘাতী হলেন এক গৃহবধূ। মৃতার নাম পুতুল মালিক (২৬)। বাড়ি হুগলির আরামবাগের ব্লকের সালেপুর ১নং গ্রাম পঞ্চায়েতের মানিকপাট গ্রামে। স্বামী ছাড়া তাঁর এক ছেলে ও এক মেয়ে বর্তমান। স্থানীয় সূত্রে জানা গেছে, বুধবার দুপুরে বাড়িতেই পুতুলদেবী কীটনাশক খান এবং পরিবারের লোকেরা বুঝতে পেরে তাঁকে আরামবাগ মহকুমা হাসপাতালে ভর্তি করেন। চিকিৎসা চলাকালীন বৃহস্পতিবার রাতে মারা যান।

গুড়াপে স্বামীজীর মূর্তি স্থাপন

নিজস্ব সংবাদদাতা, গুড়াপ ঃ শুক্রবার সকালে হুগলি জেলার বেশ কয়েকটি স্থানে স্বামী বিবেকানন্দের ১৫৩তম জন্মদিবস পালন করা হয়। এদিন হুগলির গুড়াপে স্বামী বিবেকানন্দের মূর্তি স্থাপন করার পাশাপাশি এক পদযাত্রা অনুষ্ঠিত হয়। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বেলুড় মঠের মহারাজসহ বহুগণ্যমান্য বিধায়ক অসীমা পাত্র, গুড়াপ পঞ্চায়েতের ও ধনেখালি ব্লকে সভাপতিসহ বিদ্যালয়ের ছাত্রছাত্রী ও শিক্ষক-শিক্ষিকারা। অন্যদিকে হুগলির চণ্ডীতলায় স্বামী বিবেকানন্দের ১৫৩তম জন্মদিবস উপলক্ষ্যে চণ্ডীতলার গরলগাছা বিদ্যালয়ের সামনে স্বামী বিবেকানন্দের মূর্তিতে মাল্যদানের পাশাপাশি বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী, স্থানীয় বাসিন্দাদের নিয়ে বর্ণাঢ্য পদযাত্রা এলাকায় পরিক্রমা করে। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শ্রীরামপুরের সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায়, চণ্ডীতলার বিশিষ্ট সমাজসেবী সুবীর মুখোপাধ্যায়সহ বিশিষ্ট ব্যবসায়ীরা। এদিন হুগলির গুড়াপে স্বামী বিবেকানন্দের জন্মদিবস উপলক্ষ্যে বৈদ্যবাটীর বিবেকানন্দ স্মৃতি রক্ষা কমিটির উদ্যোগে স্বামী বিবেকানন্দের জন্মদিবস উপলক্ষ্যে বৈদ্যবাটী গভ কোয়ার্টার্সের সামনে অবস্থিত স্বামী বিবেকানন্দের মূর্তিতে মাল্যদানের মধ্য দিয়ে শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। এই অনুষ্ঠানে উ পস্থিত ছিলেন বৈদ্যবাটী বিবেকানন্দ স্মৃতি রক্ষা কমিটির সভাপতি নরেন চট্টোপাধ্যায়, সম্পাদক রবীন্দ্রনাথ ঘোষসহ বিশিষ্টজনেরা। এছাড়াও চুঁচুড়ায় বিভিন্ন স্থানে যে সব বিবেকানন্দের মূর্তি রয়েছে সে সব বিবেকানন্দের মূর্তি তে মাল্যদান করেন পৌরসভার পৌরপ্রধান গৌরীকান্ত মুখোপাধ্যায়সহ বিশিষ্টজনেরা।

গোঘাট জুড়ে সমারোহে যুবদিবস পালন

নিজস্ব সংবাদদাতা, গোঘাট ঃ সারা রাজ্য জুড়ে শুক্রবার পালিত হচ্ছে যুগনায়ক স্বামী বিবেকানন্দের জন্মজয়ন্তী উৎসব। এই দিনটিকে রাজ্য সরকার জাতীয় যুব দিবস হিসাবে ঘোষণা করেছে। গোঘাটের কামারপুকুর রামকৃষ্ণ মঠ ও মিশনের উদ্যোগে মহাসমারোহে পালিত হল স্বামীজির জন্মদিনটি। খুব সকালেই প্রভাতফেরিতে বহু মানুষের সমাগম লক্ষ্য করা যায়। এই প্রভাত ফেরিতে ট্যাবলো সহকারে হাজির হয়েছিল নয়নতারা বালিকা বিদ্যালয়, সাতবেড়িয়া উচ্চ বিদ্যালয়, রামকৃষ্ণ মিশন বহুমুখী বিদ্যালয়, হাজিপুর ইউনিয়ন হাইস্কুল, বেঙ্গাই শরৎ বিদ্যাপীঠ, কামার পুকুর শ্রীরামকৃষ্ণ বিদ্যামহাপীঠের এন সি সি-র ছাত্রবৃন্দ। নয়নতারার মেয়েদের স্কাউট টিম এবং মিশনের স্কাউট টিম এবং এন সি সি স্কাউট টিম বাজনার মাধ্যমে অনুষ্ঠানটিকে বর্ণাঢ্য করে তোলে। হাজার হাজার মানুষ পায়ে হেঁটে কামারপুকুর চটীতে গিয়ে বিবেকানন্দের ব্রোঞ্জের মূর্তিতে মাল্যদান ও শ্রদ্ধার্ঘ অর্পন করেন। প্রভাতফেরিটির নেতৃত্ব দেন কামারপুকুর মঠ ও মিশনের অধ্যক্ষ স্বামী লোকোত্তরানন্দজী ও সকল সন্ন্যাসীবৃন্দ এবং প্রভাতফেরি শেষে স্বামীজীর জীবনী, বাণী ও কর্মধারা নিয়ে চলে এক আলোচনা চক্র। এই আলোচনা চক্রে অংশগ্রহণ করেন বহু বিদ্বজন। এবিষয়ে অধ্যক্ষ স্বামী লোকোত্তরানন্দজী বলেন, এই জাতীয় যুব দিবস পালনের জন্য গত বৃহস্পতিবার বিভিন্ন সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন করা হয়েছিল বিভিন্ন স্কুলের ছাত্রছাত্রীদের নিয়ে। প্রায় সাড়ে ছ'শো প্রতিযোগী অংশ নিয়েছিল। শুক্রবারও বিভিন্ন আলোচনা, সংগীত, নৃত্য ইত্যাদির মাধ্যমে সাড়ম্বরে জাতীয় যুব দিবস পালন করা হচ্ছে।

এছাড়াও গোঘাটের চাতরায় স্বামী বিবেকানন্দ অনুধান ও সেবাসংঘের উদ্যোগে শতাধিক মানুষকে শীত বস্ত্র দান করা হয়। গোঘাটে কাঁটালি উচ্চ বিদ্যালয়, হাজিপুর স্কুল, বদনগঞ্জ স্কুল, ভুরকুণ্ডা রিয়া কালিপদ হাইস্কুল, বালি-দামোদর পুর স্কুল এই দিনটিতে স্বামীজীর চিন্তাধারা ছাড়িয়ে দেবার জন্য বিশেষভাবে স্বামীজীর জন্মদিন পালন করেছে।

মানসিক অবসাদে আত্মহত্যা

নিজস্ব সংবাদদাতা, খানাকুল ঃ মানসিক অবসাদের জেরে আত্মঘাতী হলেন এক তরুণী। ঘটনাটি ঘটেছে হুগলির খানাকুলের কনকপুর গ্রামে। বৃহস্পতিবার গভীর রাতে নিজের বাড়িতে সিলিং-এর সাথে গলায় দড়ির ফাঁস লাগিয়ে আত্মহত্যা করেন ওই তরুণী। পুলিশ সূত্রে জানা গেছে, মৃতের নাম বাসন্তী আদক(২৭)। শুক্রবার ভোরে তাঁর পরিবারের লোকজন বাড়িতে তাঁকে ঝুলন্ত অবস্থায় দেখতে পেয়ে খানাকুল হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা তাঁকে মৃত বলে ঘোষণা করেন। ওই তরুণীর পরিবারের দাবি, ঘটনার বেশ কিছুদিন আগে থেকে মানসিক অবসাদে ভুগছিলেন ওই তরুণী। এর জেরেই আত্মহত্যার ঘটনা ঘটেছে বলে দাবি তাঁদের। পুলিশ মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য আরামবাগ হাসপাতালে নিয়ে যায়।

তারকেশ্বর জুড়ে সাড়ম্বরে যুগনায়কের জন্মদিন পালন

নিজস্ব সংবাদদাতা, তারকেশ্বর ঃ হুগলির তারকেশ্বর পৌরসভার ভাইস চেয়ারম্যান তথা তারকেশ্বর তৃণমূল টাউন সভাপতি উত্তম কুণ্ডুর বিশেষ উদ্যোগে শুরু হয়েছিল স্বামী বিবেকানন্দের মূর্তি স্থাপন। দীর্ঘদিন ধরে সেই কাজ চলার পর শুক্রবার বিবেকানন্দের ১৫৬তম জন্মদিবসের দিন উদ্বোধন করা হয় এই মূর্তিটি। পৌরসভার ৭নং ওয়ার্ডের বিপিআর এলাকায়। মূর্তিটি স্থাপিত হয়ে প্রায় দেড় কাঠা জায়গার উপর। বিশেষ মঞ্চ তৈরি করে স্বামীজীর প্রায় ৭ ফুটের মূর্তিটির উদ্বোধন করা হয়। উদ্বোধন করেন ৭নং ওয়ার্ডের কাউন্সিলর উত্তম কুণ্ডু। এছাড়াও উপস্থিত ছিলেন এলাকার বিশিষ্ট ব্যক্তিরা। এদিন উত্তম কুণ্ডু বলেন, তারকেশ্বর একটি তীর্থস্থান। এখানে লক্ষ লক্ষ মানুষ আসেন এবং স্টেশন এলাকায় বহু মানুষের সমাগম হয়। এই শহরে মনীষীদের কোনও মূর্তি নেই। তাই সকলের সহায্য নিয়ে যুগনায়কের মূর্তি উন্মোচন করা হল। অন্যদিকে পশ্চিমবঙ্গ সরকারের উদ্যোগে তারকেশ্বর সমষ্টি উন্নয়ন আধিকারিকের পরিচালনায় তারকেশ্বর ব্লকের প্রতিটি স্কুল থেকে ছাত্রছাত্রী ও শিক্ষক শিক্ষিকাদের উপস্থিতিতে শুক্রবার সকালে প্রভাতফেরির মধ্য দিয়ে যুব দিবস পালন করা হয়। এদিন প্রভাতফেরিটি বিডিও অফিস থেকে বেরিয়ে তারকেশ্বর শহর পরিক্রমা করে।

এই প্রভাতফেরিতে উপস্থিত ছিলেন বিডিও জয়গোপাল পাল, পঞ্চায়েত সমিতির সভাপতি সুমনা ঘোষসহ একাধিক ব্যক্তিবর্গ। প্রভাতফেরির শেষে বিডিও অফিসের সভাকক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

হরিপালে স্বামীজীর জন্মদিন উপলক্ষ্যে র‍্যালি

নিজস্ব সংবাদদাতা, হরিপাল ঃ পশ্চিমবঙ্গ সরকারের যুব কল্যাণ দপ্তরের উদ্যোগে হরিপাল বিডিও শুভজিৎ চৌধুরীর পরিচালনায় স্বামী বিবেকানন্দের ১৫৬তম জন্মদিবস উপলক্ষ্যে বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে দিনটিকে স্মরণ করা হয়। প্রভাতফেরির মধ্য দিয়ে অনুষ্ঠানের সূচনা হয়। অনুষ্ঠানের সূচনা করেন বিডিও শুভজিৎ চৌধুরী। এছাড়াও উপস্থিত ছিলেন বিশিষ্টব্যক্তিবর্গ। এরপর ছাত্রছাত্রীদের নিয়ে স্বামীজীর উপর বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অন্যদিকে এলাকার বিধায়ক বেচারাম মান্না এদিনের প্রভাতফেরিতে অংশগ্রহণ করেন। এছাড়াও ছাত্র পরিষদের উদ্যোগে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয় হরিপাল ব্লক জুড়ে।

অনলাইনে ট্যাক্স দেওয়ার সূচনা উত্তরপাড়া পৌরসভায়

নিজস্ব সংবাদদাতা, উত্তরপাড়া ঃ হুগলি জেলায় প্রথম অনলাইন মাধ্যমে নাগরিকদের পুর কর দেওয়ার প্রথা চালু করল উত্তরপাড়া পৌরসভা। বৃহস্পতিবার উত্তরপাড়ার গণভবনে এই ই-ট্যাক্স দেওয়ার শুভ সূচনা করেন পুর ও নগর উন্নয়ন দপ্তরের মন্ত্রী ফিরহাদ হাকিম। এদিন মন্ত্রী মাউস ক্লিক করার সাথে সাথে নাগরিক পরিষেবার ক্ষেত্রে নতুন দিগন্ত খুলে যায়। এই প্রথা চালুর হওয়ার দিনই উত্তরপাড়া-কোতরং পুরসভার চেয়ারম্যান দিপীপ যাদব ই-ট্যাক্সের মাধ্যমে পুর নাগরিকদের ট্যাক্স দেওয়ার জন্য উৎসাহিত করতে নিজের বাড়ির ট্যাক্স অনলাইনের মাধ্যমে জমা করেন। দিলীপ যাদবের দেখাদেখি এদিন উৎসাহিত হয়ে অনেকেই তাঁদের ট্যাক্স অনলাইনের মাধ্যমে জমা করেন। মন্ত্রী ফিরহাদ হাকিম বলেন, মা-মাটি-মানুষের সরকার ক্ষমতায় আসার আগে এ রাজ্যের কর্মসংস্কৃতি ছিল আসি যাই, অফিস যাই, মাইনে পাই। কিন্তু মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে কর্মের ক্ষেত্রে গতি এসেছে, স্বচ্ছতা এসেছে। কলকাতায় মন্ত্রীর ছোটবেলায় লাঠি হাতে পুলিশের মতো দেখতে একটা লোক ট্যাক্স নিতে আসত। যে ট্যাক্স দিত না তাকে স্থানীয় বরো অফিসে লকআপের মতো একটা ঘরে বসিয়ে রাখত। একসময় এই কলকাতা কর্পোরেশনকে লোকে চোর্পোরেশন বলত। সে ধারণারও বদল হয়েছে। তাই স্বচ্ছতার সাথে প্রশাসন চালানোর জন্য পুরসভাগুলির সংগৃহীত টাকা খরচের ক্ষেত্রেও আগামী দিনে সমস্ত কাজ ই-টেন্ডার ডেকে করা হবে, যাতে কেউ কোনও পুরপ্রতিনিধিদের দিকে আঙুল তুলে মানুষ বলতে না পারে এই লোকটা অসৎ, ঘুষ খায়। ই-ট্যাক্স চালু হওয়ায় আগামীদিনে মানুষের প্রতারিত হওয়ার সম্ভবনা থাকল না।

গোঘাটে ডিজে সাউন্ড আটক

নিজস্ব সংবাদদাতা, গোঘাট ঃ হুগলির গোঘাটে বৃহস্পতিবার দশঘরার কিছু যুবক পিকনিক করতে গিয়েছিল। ফেরার পথে কাঁটালীর কাছে ডি জে সাউন্ড বাজানো অবস্থায় গোঘাট থানার পুলিশ ট্রাফিক, ট্রাইভার সমেত ডিজে সাউন্ড আটক করে। এই নিয়ে এলাকার মানুষ সাধুবাদ দিয়েছে পুলিশকে। তাঁরা জানিয়েছে, এটি একটি সাহসী এবং ভালো পদক্ষেপ।

হুগলির আরামবাগে শুরু হয়েছে বইমেলা। দ্বিতীয় দিন অর্থাৎ শুক্রবার বিকালে মেলা প্রাঙ্গনে উপস্থিত হন রাজ্যের মন্ত্রী তপন দাশগুপ্ত। তিনি বইয়ের বিভিন্ন স্টল ঘুরে দেখেন। এছাড়াও ছিলেন বিধায়ক কৃষ্ণচন্দ্র সাঁতরা, বিধায়ক মানস মজুমদার প্রমুখ।

বেড়াতে আসুন কামারপুকুরে

কামারপুকুর মঠের মেইন গেটের পাশে থাকা ও খাওয়ার সুব্যবস্থা আছে

যোগাযোগ ঃ বাসুদেব লজ, কামারপুকুর

ফোন ঃ ৯৭৩৩৫৯৫৬৬৯

যুবদিবসে যুবদের খেলার মাঠ উপহার

নিজস্ব সংবাদদাতা, গোঘাট ঃ মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে বর্তমান সরকার সারা রাজ্যে খেলাধূলার মান উন্নয়নের জন্য নানা পরিকল্পনা গ্রহণ করে চলেছেন। আর দল নেত্রীর দেখানোর পথেই এবার এলাকার মানুষকে আস্ত একটি খেলার মাঠ উপহার দিলেন গোঘাট ১নং ব্লক তৃণমূল সভাপতি মনোরঞ্জন পাল। জানা গেছে, এই মাঠটির আগে গোঘাটের কাঁটালী গ্রামে কোনও খেলার মাঠ ছিল না। এখানে দুটি প্রাথমিক বিদ্যালয় এবং একটি উচ্চ বিদ্যালয় থাকলেও তাদের খেলার জন্য কোনও মাঠ ছিল না। তাছাড়া এই গ্রামের ছেলেমেয়েদেরকেও খেলতে যেত হত বাইরের কোনও মাঠে। তাই ১২ জানুয়ারি যুব দিবসের দিন এই গ্রামের যুবকদের জন্য এক একর সতেরো কাঠা জায়গার উপর একটি খেলার মাঠ উপহার দিলেন মনোরঞ্জনবাবু। গোঘাট ১নং ব্লকের বাম্পাণ গ্রাম মৌজায় খেলার মাঠটি অবস্থিত। কাঁঠালী, গোপালবাটী, মদনমোহনপুর, ব্রাহ্মণগ্রাম ছাড়াও আশেপাশের আরও কয়েকটি গ্রাম, তিনটি স্কুল, ক্লাব এবং যুব সমাজ তথা সর্বসাধারণের খেলাধূলার জন্য ১২ জানুয়ারি এই মাঠটির উদ্বোধন করলেন গোঘাটের বিধায়ক মানস মজুমদার। তাঁর সঙ্গে ছিলেন গোঘাট ১নং তৃণমূল ব্লক সভাপতি মনোরঞ্জন পাল, গোঘাট ১নং ব্লক পঞ্চায়েত সমিতির সভাপতি মৃণাল আলুসহ গ্রামের বিশিষ্ট ব্যক্তিবর্গ। এই মাঠটি যুব দিবসের দিন ৭টি অঞ্চলের সাতটি টিম ও ব্লকের একটি টিমকে নিয়ে ফুটবল খেলার আয়োজন করা হয়। বিধায়কের জানান, স্বামীজী বলতেন গীতা পাঠ অপেক্ষা ফুটবল খেলা ভালো। তাই আজকের দিনে মাঠটিকে উৎসর্গ করা হল গ্রামবাসীদের উদ্দেশ্যে। উল্লেখ্য, এই খেলার মাঠটি গড়ে ওঠার পিছনে মনোরঞ্জনবাবু ছাড়াও এই গ্রামের চিতরঞ্জন মিশ্র, জয়দেব মালাকার, বিশ্বনাথ নন্দীসহ বেশ কয়েকজন ব্যক্তি অবদান রয়েছে। এই মাঠটিকে এদিন থেকে রক্ষণাবেক্ষণের দায়িত্ব গ্রামবাসিন্দাদের হাতেই দেওয়া হয়েছে।

খানাকুলে বিবেকানন্দের জন্মদিন

নিজস্ব সংবাদদাতা, খানাকুল ঃ স্বামী বিবেকানন্দের বাণী ও আদর্শ দিকে দিকে পৌঁছে দিতে শুক্রবার স্বামী বিবেকানন্দের ১৫৩তম জন্ম দিবসকে সামনে রেখে খানাকুল কৃষ্ণভামিনী বালিকা বিদ্যালয়ের ছাত্রীরা এই শোভাযাত্রার আয়োজন করেন। এদিন সকাল ১১টা নাগাদ স্কুল প্রাঙ্গন থেকে শোভাযাত্রাটি শুরু হয়ে খানাকুল ১ ব্লক খানাকুল থানা চত্বর ঘুরে শোভাযাত্রাটি পুনরায় স্কুলে গিয়ে শেষ হয়। শোভাযাত্রাটির নেতৃত্বে ছিলেন হুগলি জেলা পরিষদের সদস্য তথা খানাকুল কৃষ্ণভামিনী বালিকা বিদ্যালয়ের সভাপতি শৈলেন সিংহ, প্রধান শিক্ষিকা বর্ণা মণ্ডল(সোমন্ত)সহ স্কুলের শিক্ষিকা ও অশিক্ষক কর্মীবৃন্দ।

নিরোগ ডায়গনস্টিক
আরামবাগ, কোর্টরোড, হুগলী Ph : 03211-256950 Mob. 9732843677

- MRI
- 3D Multi Slice CT Scan
- Digital X-Ray
- Colour Doppler
- Ultrasonography
- Echocardiography 2DM Mode & colour
- Holter Monitor
- Endoscopy
- Colonoscopy
- EMG
- NCV
- EGG
- Pathology
- FNAC